



ISO 9001, ISO 14001 &
ISO 45001 Certified

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
BANGLADESH RURAL ELECTRIFICATION BOARD

জনসংযোগ পরিদপ্তর
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
প্রশিক্ষণ একাডেমি ভবন (৩য় তলা)
নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯
ফোন নং-৮৯০০৩১৭
ই-মেইল: prdreb@gmail.com

স্মারক নং-২৭.১২.০০০০.০২১.২৪.১২৩.২৫. ৭৮৩

তারিখ: ০৮ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ
২১ এপ্রিল ২০২৫ খ্রিষ্টাব্দ

সম্পাদক

সকল দৈনিক পত্রিকা (বাংলা ও ইংরেজি)

প্রিয় মহোদয়,

নিম্নের প্রেস বিজ্ঞপ্তিটি হুবহু শিরোনামে আপনার বহুল প্রচারিত পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ জানাচ্ছি।

প্রেস বিজ্ঞপ্তি

“বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার সাথে জড়িত সকলকে মাননীয় প্রধান উপদেষ্টা মহোদয়ের ধন্যবাদ জ্ঞাপন”

পবিত্র রমজান মাস জুড়ে দেশব্যাপী নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের “অন্তর্বর্তীকালীন সরকার” এর মাননীয় প্রধান উপদেষ্টা মহোদয় বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডসহ অন্যান্য বিদ্যুৎ বিতরণ প্রতিষ্ঠানকে ২০/০৪/২০২৫ খ্রি. তারিখে তাঁর সরকারি বাসভবন যমুনায় ধন্যবাদ জ্ঞাপন করেছেন। বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের এই সম্মানে সর্ববৃহৎ বিদ্যুৎ বিতরণ কার্যক্রমের সাথে সম্পৃক্ত সকলকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানানো হয়। এই অর্জন সকলের অর্জন।

আমাদের সম্পদ সীমিত। এই সীমিত সম্পদের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করার জন্য বিদ্যুতের অপচয় রোধে গ্রাহকপ্রাপ্তে বিদ্যুৎ সাশ্রয়ের গুরুত্ব ও বিদ্যুৎ উৎপাদনের চ্যালেঞ্জ বিষয়ে দেশব্যাপী মসজিদে মসজিদে খুৎবা প্রচার করা হয়েছে। এছাড়াও নিরাপদ বিদ্যুৎ ব্যবহার নিশ্চিতকরণের লক্ষ্যে বিদ্যুৎ ব্যবহারে সচেতনতা বৃদ্ধির জন্য সমগ্র দেশে লিফলেট ও স্টিকার বিতরণ করা হয়েছে। সম্মানিত গ্রাহকদের নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করা প্রজাতন্ত্রের কর্মচারী হিসেবে আমাদের নৈতিক ও পেশাগত দায়িত্ব। বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড ও ৮০টি পবিসের সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের ঐকান্তিক প্রচেষ্টায় এ সাফল্য অর্জিত হয়েছে। নিরাপদ বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরণের এই ধারাবাহিকতা অক্ষুণ্ন রাখার জন্য বিআরইবি ও পবিস পরিবারের সকল কর্মকর্তা/কর্মচারীদের উদাত্ত আহ্বান জানিয়েছেন বিআরইবি’র চেয়ারম্যান মহোদয়।

সংযুক্তি: ক্যাপশনসহ ছবি।

M. Kabir
21.04.25

(তামান্না কবীর)
পরিচালক (প্রশাসন)

সদয় অবগতির জন্য অনুলিপি:

- ০১। সকল অফিস প্রধান, বাপবিবো;
- ০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (প্রেস বিজ্ঞপ্তিটি বাপবিবো’র ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ);
- ০৩। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, সকল পবিস (প্রেস বিজ্ঞপ্তিটি পবিস এর ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ);
- ০৪। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবো, ঢাকা;
- ০৫। একান্ত সচিব, সদস্য (প্রশাসন/অর্থ/পরিকল্পনা ও উন্নয়ন/সমিতি ব্যবস্থাপনা/বিতরণ ও পরিচালনা) বাপবিবো, ঢাকা।

Mohammad
21.04.25
(মোহাম্মদ আবুল বাশার)
সহকারী পরিচালক (প্রশাসন)